বিআরডিবির কর্মচারী সংসদের অবস্থান কর্মসূচী শুরু হচ্ছে রোববার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্মচারী সংসদের (সিবিএ) সাত দফা দাবীতে অবস্থান কর্মসূচী রোবার সকাল থেকে শুরু হচ্ছে। রাজধানীর কাওরানবাজার এলাকায় পল্লী ভবনের সামনে এই কর্মসূচী হবে বলে জানিয়েছেন সংগঠনের নেতৃবৃন্দ।

বিআরডিবি সিবিএ কেন্দ্রীয় কমিটির সভাপতি আব্দুর রাজ্জাক ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মফিজুল ইসলাম জানান, এই কর্মসুচীতে উপস্থিত থাকবেন, বাংলাদেশ আওয়ামী লীগের শ্রম ও জনশক্তি সম্পাদক হাবিবুর রহমান সিরাজ, জাতীয় শ্রমিক লীগের সভাপতি আলহাজ্ব শুক্কুর মাহমুদ, কার্যকরী সভাপতি বীরমুক্তিযোদ্ধা ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক আলহাজ্ব সিরাজুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক খান সিরাজুল ইসলাম, প্রচার ও প্রকাশনা সম্পাদক আলহাজ্ব আযম খসরু, বিআরডিবি সিবিএ কেন্দ্রীয় কমিটির কার্যকরী সভাপতি মঞ্জরুল হক, সহ সভাপতি এম এ বারী, আলী আজগর মোল্লা, মোবারক হোসেন ভুইয়া, যুগ্ম সাধারণ সম্পাদক একেএম রফিকুল ইসলাম এবং সাংগঠনিক সম্পাদক এনামুল কবীর খানসহ কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ।

তাদের দাবিসমুহ :
(১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রস্তাবিত”Bangabandhu Rural Poverty Reduction Foundation (BRPRF)” পরিবর্তন করে বিআরডিবির রাজস্ব বাজেটর্ভূক্ত জনবল সহ বাস্তবায়নাধীন সকল প্রকল্প;কর্মসূচীতে কর্মরত জনবলের সমন্বয়ে বিআরডিবিকে”বঙ্গবন্ধু পল্লী উন্নয়ন অধিদপ্তর”ঘোষনা করতে হবে।

(২)বিআরডিবি কর্মচারী সংসদ (সিবিএ)বি-১৯৯৩ (জাতীয় শ্রমিকলীগ অন্তর্ভূক্ত) কেন্দ্রীয় নেতৃবৃন্দের নামে আনীত বিভাগীয় মামলা দ্রুত প্রত্যাহার,সাময়ীক বরখাস্ত ও সংযুক্ত বদলীর আদেশ বাতিল করতে হবে।

(৩) আদালতের রায় মোতাবেক পজীপ,পদাবিক,সদাবিক ও পিইপি সহ সকল প্রকল্প/কর্মসূচিতে কর্মরত জনবল দ্রুত রাজস্ব খাতে স্থানান্তরের লক্ষে বিআরডিবি’র সাংগঠনিক কাঠামোতে জনবলের সংখ্যা বৃদ্ধি/পদ

সৃজন করে রাজস্ব খাতে স্থানান্তরের ব্যাবস্থা করতে হবে।

(৪)রাজস্ব বাজেটে স্থানান্তরের পূর্ব পর্যন্ত পজীপ,পদাবিক,সদাবিক ও পিইপি প্রকল্প /কর্মসূচীতে কর্মরত কর্মচারীদের ১০০% বেতন ভাতার ব্যবস্থা সহ পর্যাপ্ত ঋণ তহবিল ও একক ঋণ চালু করতে হবে।

(৫)ফেনি জেলার ফুলগাজি উপজেলার পদাবিকের মাঠ-সংগঠক মরহুম আনোয়ারা বেগম এর আত্মহত্যায় প্ররোচনাকারীদের দৃষ্টান্তমুলক শাস্তির ব্যাবস্থা করতে হবে।

(৬)বিআরডিবির রাজস্ব বাজেটের তৃতীয় শ্রেনীর কর্মচারীদের দ্রুত পদোন্নতি, ৪র্থ শ্রেনীর কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী তৃতীয় শ্রেনীতে পদোন্নতি, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/মুদ্রাক্ষরিক/ষ্ট্রোনো টাইপিষ্ট/ষ্ট্রোনো গ্রাফারদের ০২ টি স্পেশাল ইনক্রিমেন্ট প্রদান এবং মহিলা উন্নয়ন অনুবিভাগের কর্মরত সকল কর্মচারীদের ১ম,২য় ও ৩য় টাইমস্কেল প্রদান করতে হবে।

(৭)বিআরডিবির কর্মকর্তা-কর্মচারীদের স্বার্থ সংশ্লিষ্ট সকল কমিটিতে পূর্বের ন্যায় সিবিএ’র প্রতিনিধী অন্তর্ভূক্ত করতে হবে।

কর্মসূচীকে ঘিরে সারাদেশ থেকে প্রায় (চার হাজার) কর্মকর্তা কর্মচারী যোগ দেয়ার কথা রয়েছে বলে জানান নেতৃবৃন্দ।